



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Honours 3rd Semester Examination, 2022

**SEC1-P1-BENGALI**

**NEW SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**বিভাগ-ক**

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) বচন কাকে বলে? বচন কয় প্রকার ও কী কী?
- (খ) সর্বনাম পদ কী? এই পদের ব্যবহার সম্পর্কে লেখো।
- (গ) সাধু ভাষার তিনটি বৈশিষ্ট্য লেখো।
- (ঘ) হ্যালহেড ও রামমোহন রায়ের লেখা বাংলা ব্যাকরণ গ্রন্থ দুটির নাম লেখো।
- (ঙ) বুৎপত্তি কথার অর্থ কী? 'ভদ্রতা' শব্দের বুৎপত্তি নির্ণয় করো।
- (চ) উইলিয়াম কেরীর লেখা দু'খানি বাংলা গ্রন্থের নাম লেখো।

**বিভাগ-খ**

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) নিম্নলিখিত শব্দগুলোর বুৎপত্তি নির্ণয় করো:  
আজ, ইঁট, ওঝা, দাম, নট, পুঁথি।
- (খ) বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে রাজা রামমোহন রায়ের অবদান সংক্ষেপে লেখো।
- (গ) ক্রিয়া কাকে বলে? উদাহরণসহ ক্রিয়ার প্রকারভেদগুলি আলোচনা করো।
- (ঘ) উপসর্গ কাকে বলে? উপসর্গ কিভাবে শব্দ বা ধাতুর অর্থ পরিবর্তন ঘটায় তা উদাহরণসহ লেখো।
- (ঙ) সাধু থেকে চলিত গদ্যে রূপান্তর করো:  
“এখানে আসিয়া অবধি কোনও বাঙালীর মুখ দেখি নাই, অন্য জাতীয় লোকের সঙ্গেও বিশেষ পরিচয় হয় নাই, তাই একাকী ঘুরিতেছিলাম। বাহিরের শীতশিহরিত তন্দ্রচ্ছন্ন প্রকৃতি আমাকে গভীর রাত্রিতে ঘর হইতে টানিয়া বাহির করিয়াছিল। এই প্রকৃতির পানে চাহিয়া চাহিয়া আমার মনে হইতেছিল, এ দৃশ্য যেন ইহজগতের নহে, কিংবা যেন কোন্ অতীত যুগ হইতে ছিঁড়িয়া আনিয়া অর্ধ-ঘুমন্ত দৃশ্যটাকে কেহ এখানে ফেলিয়া দিয়া গিয়াছে।”
- (চ) বাংলা বাক্য কত প্রকার ও কী কী? প্রতিটি প্রকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।
- (খ) ব্যাকরণে পুরুষ কথাটির অর্থ কী ? পুরুষ কয় প্রকার ও কী কী ? প্রত্যেক পুরুষের উদাহরণসহ সংজ্ঞা লেখো।
- (গ) পদ কাকে বলে ? পদ কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকার পদের উদাহরণসহ সংজ্ঞা ও ব্যাখ্যা লেখো।
- (ঘ) বিশেষ্য কাকে বলে ? উদাহরণসহ বিভিন্ন প্রকার বিশেষ্যের প্রকারভেদ আলোচনা করো।

—x—